



মহাশয়

Sudip Roy Barman
MINISTER

Government of Tripura
Department of Health & FW,
Science, Tech. & Environment,
I&C (IT), PWD (DWS)
☎: 0381-241-4047
☎: +91 9436123541
✉: sudip.roybarman@gmail.com

D.O. No..... Date.....

জাতীয় চক্ষুদান পক্ষ উদযাপন উপলক্ষে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর আবেদন

৩৩ তম জাতীয় চক্ষুদান পক্ষ ২৫ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর ২০১৮ আমাদের রাজ্যেও পালন করা হচ্ছে। জাতীয় চক্ষুদান পক্ষের উদ্দেশ্য হল কর্নিয়াজনিত অন্ধত্ব প্রতিরোধে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা। পাশাপাশি দৃষ্টিহীনকে দৃষ্টি ফিরিয়ে দিতে মরণোত্তর চক্ষুদানে অঙ্গীকারবদ্ধ হতে অনুপ্রাণিত করা। মরণোত্তর চক্ষুদানের প্রয়োজন অপরিসীম। কারণ আমাদের দেশে প্রায় ১.২ লক্ষ কর্নিয়াজনিত দৃষ্টিহীন মানুষ রয়েছেন। এর সঙ্গে প্রতিবছর প্রায় ২০ হাজার নতুন করে কর্নিয়াজনিত দৃষ্টিহীন মানুষ যোগ হচ্ছেন। এদের মধ্যে অধিকাংশই তরুণ প্রজন্মের। কর্নিয়া প্রতিস্থাপনের মাধ্যমে কর্নিয়াজনিত দৃষ্টিহীনদের দৃষ্টিশক্তি ফিরিয়ে দেওয়া যায়। বর্তমানে দেশে প্রায় ৭০ হাজার চোখ বিভিন্ন চক্ষু ব্যাঞ্জে সংগৃহীত হয়। কর্নিয়া মৃত ব্যক্তির দান করা চক্ষু থেকে অনায়াসে সংগ্রহ করা যায়। একজন ব্যক্তির দান করা দুটো চক্ষু দিয়ে দু'জন দৃষ্টিহীন ব্যক্তিকে দৃষ্টিশক্তি ফিরিয়ে দেওয়া সম্ভব।

দৃষ্টিহীনদের দৃষ্টিশক্তি ফিরিয়ে দিতে মরণোত্তর চক্ষুদানের জন্য অঙ্গীকারবদ্ধ হওয়া প্রয়োজন। মরণোত্তর চক্ষুদানে অঙ্গীকারবদ্ধ হবার মানবিক দায়িত্ব পালন করার জন্য আমি রাজ্যের সর্বস্তরের জনগণকে এক্ষেত্রে দায়বদ্ধ ভূমিকা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

সুদীপ রায় বর্মান
(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী
ত্রিপুরা সরকার